ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
www.iau.edu.bd kamilcenter.iau@gmail.com
বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক- বি, সড়ক নং- ০৩, ওয়েস্ট ধানমন্ডি বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭

স্মারক নং- ইআবি/কামিল কেন্দ্র/ইস. ক্যালিগ্রাফি প্রতিযোগিতা/২০২২/২৫

তারিখ: ০২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়: **ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত 'ইসলামি ক্যালিগ্রাফি প্রতিযোগিতা-২০২২'-এ অংশগ্রহণের জন্য মাদরাসার ছাত্র-ছাত্রীদের উদ্বুদ্ধকরণ**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাদরাসার ছাত্র-ছাত্রীদের মেধার বিকাশ ও শৈল্পিক মনন তৈরির লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক 'ইসলামি ক্যালিগ্রাফি প্রতিযোগিতা-২০২২'-এর আয়োজন করা হয়েছে। গত ০১-০৬-২০২২ তারিখে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটসহ বিভিন্ন জাতীয় পত্রিকায় (দৈনিক ইনকিলাব ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন ০১-০৬-২০২২, দৈনিক প্রথম আলো ০২-০৬-২০২২) প্রতিযোগিতার বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। বর্তমানে এর রেজিস্ট্রেশন প্রক্রিয়া চলমান রয়েছে, যা আগামী ০৪-০৭-২০২২খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে। রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত লিংক www.iau.edu.bd/calreg ব্যবহার করে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।

২। এমতাবস্থায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ও প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ফাজিল ও কামিল মাদরাসায় অধ্যয়নরত (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) শিক্ষার্থী/পরীক্ষার ফলপ্রার্থী এবং আলিয়া মাদরাসা হতে যে-কোন পাবলিক পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বর্তমানে বিভিন্ন কলেজ/বিশ্ববিদ্যালয়ে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত শিক্ষার্থীরা যাতে স্ব-স্ব অবস্থান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারে সে লক্ষ্যে তাদেরকে উদ্বুদ্ধ করার জন্য সম্মানিত অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষবৃন্দ এবং সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ করা হলো।

৩। প্রয়োজনে: ই-মেইল: kamilcenter.iau@gmail.com
মোবাইল: +৮৮০ ১৫৩৭ ০০৪০১৬

৪। সংযুক্তি: 'ইসলামি ক্যালিগ্রাফি প্রতিযোগীতা-২০২২'-এর বিজ্ঞপ্তি

স্বাক্ষরিত/-
প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ
প্রো-ভাইস চ্যান্সেলর
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
ই-মেইল: provciau@gmail.com

বিতরণ:
অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত
সকল ফাজিল ও কামিল মাদরাসা

স্মারক নং- ইআবি/কামিল কেন্দ্র/ইস. ক্যালিগ্রাফি প্রতিযোগীতা/২০২২/২৫ (০৬)

তারিখ: ০২ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
১৬ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
২. উপাচার্যের একান্ত সচিব, উপাচার্যের কার্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, প্রো-ভাইস চ্যান্সেলরের কার্যালয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
৪. সহকারী প্রোগ্রামার, আই.সি.টি. শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫. সেকশন অফিসার, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (সংশ্লিষ্ট মাধ্যমে প্রচারের অনুরোধসহ)
৬. অফিস নথি

১৬-০৬-২০২২
(মুহাম্মদ আরিফুল ইসলাম)
সেকশন অফিসার
মোবাইল: +৮৮০ ১৬৪৮ ৪৫৩০১৫
ই-মেইল: mdariful.iaubd@gmail.com

**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়**
কামিল (স্নাতকোত্তর) শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
**১২৪/৯০/০৩,** ব্লক-বি, সড়ক নং-**০২,** পশ্চিম ধানমন্ডি, বসিলা, মোহাম্মদপুর, ঢাকা-**১২৩১**
www.iau.edu.bd

স্মারক নং- ইআবি/কামিল কেন্দ্র/ই.ক্যালিগ্রাফি প্রতিযোগিতা/২০২২/২০ তারিখ: ২৫-০৫-২০২২ খ্রিষ্টাব্দ

# ইসলামি ক্যালিগ্রাফি প্রতিযোগিতা

**বিভাগ ও বিষয়বস্তু:**

**ক-বিভাগ**

আল-কুরআন ও আল হাদিসের যে কোন নস (نص) -এর ইসলামি ক্যালিগ্রফি ও ক্যালিগ্রাফি পেইন্টিং

এই বিভাগে আলিয়া মাদরাসায় ফাজিল ও কামিল স্তরে অধ্যয়নরত (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারবে। ক্যালিগ্রাফি বা ক্যালিগ্রাফি পেইন্টিং অবশ্যই আরবি ভাষায় হতে হবে।

**খ-বিভাগ:**

বাংলাদেশ ও মুক্তিযুদ্ধ সম্পর্কিত আরবি/বাংলা/ইংরেজিতে ইসলামি ক্যালিগ্রাফি ও ক্যালিগ্রাফি পেইন্টিং। ক্যালিগ্রাফির বিষয়বস্তু ইসলামি শিক্ষা ও মূল্যবোধ সম্পর্কিত হতে হবে।

এই বিভাগে আলিয়া মাদরাসায় ফাজিল ও কামিল স্তরে অধ্যয়নরত (নিয়মিত/অনিয়মিত/প্রাইভেট) শিক্ষার্থীসহ আলিয়া মাদরাসার যেকোন পাবলিক পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীবৃন্দ, যারা বর্তমানে বিশ্ববিদ্যালয় পর্যায়ে অধ্যয়নরত তারাও অংশগ্রহণ করতে পারবে।

**ক্যালিগ্রাফি প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী :**

১. ক্যালিগ্রাফির মাধ্যম: কালি, জলরং, তেলরং, এক্রেলিককালার।
২. ক্যানভাস সাইজ ২৪''/৩০'' হবে। কাগজে করা হলে অবশ্যই ২৪''/৩০'' সাইজ বাঁধাই করে দিতে হবে।
৩. অনলাইন রেজিস্ট্রেশন লিংক: iau.edu.bd/calreg
৪. রেজিস্ট্রেশনের সময়কাল: ০৫-০৬-২০২২খ্রি. থেকে ০৪-০৭-২০২২ খ্রি. পর্যন্ত ।
৫. রেজিস্ট্রেশনকৃত প্রতিযোগীগণ (১৮-০৭-২০২২খ্রি.) তারিখের মধ্যে ক্যালিগ্রাফি বা ক্যালিগ্রাফি পেইন্টিং-এর ফটোগ্রাফ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, বিশ্ববিদালয়ে অধ্যয়নরত হলে স্ব স্ব বিভাগ থেকে নেয়া প্রত্যয়নপত্রের মূলকপি ও দুইকপি পাসপোর্ট সাইজের ছবি প্রযোগিতার আহ্বায়ক প্রফেসর ড. আবুল কালাম আজাদ, প্রো-ভাইস চ্যান্সেলর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়-এর ঠিকানায় প্রেরণ করতে হবে।
৬. ফটোগ্রাফে শিল্পকর্মের ছবি স্পষ্ট ও পরিচ্ছন্ন থাকতে হবে। অন্যথায় ফটোগ্রাফ বাতিল বলে বিবেচিত হবে।
৭. একজন প্রতিযোগী প্রতি বিভাগে সর্বোচ্চ ৩টি ক্যালিগ্রাফি বা ক্যালিগ্রাফি পেইন্টিং দিয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।
৮. প্রাপ্ত ফটোগ্রাফ থেকে সম্মানিত বিচারকগণ ৪২ জন প্রতিযোগীকে চূড়ান্ত প্রতিযোগিতার জন্য নির্বাচন করবেন। নির্বাচিত প্রতিযোগীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।
৯. চূড়ান্ত প্রতিযোগীদের শিল্পকর্ম ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ঠিকানায় প্রেরণ করতে হবে। কাগজে করলে অবশ্যই ২৪"/৩০" সাইজ বাঁধাই করে দিতে হবে এবং ক্যানভাসে করলে চারদিকে ডাবল বিটের ফ্রেম করে দিতে হবে। অন্যথায় কাজ বাতিল বলে গণ্য হবে।
১০. চূড়ান্ত প্রতিযোগিতার জন্য বাছাইকৃত শিল্পকর্ম নিয়ে প্রদর্শনীর আয়োজন করা হবে
১১. বিজয়ী ও চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেকে নগদ অর্থ, সম্মাননা ক্রেস্ট, সার্টিফিকেট ও প্রদর্শনীর ক্যাটালগ উপহারস্বরূপ পাবেন।
১২. চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীদের মধ্যে প্রত্যেক বিভাগ থেকে একজন করে প্রতিযোগী সম্মানিত দর্শকদের বিচারে "পিপলস চয়েস এওয়ার্ড" পাবেন।
১৩. প্রদর্শনী শেষ হবার ৪ দিনের মধ্যে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রতিযোগীকে প্রদর্শনীস্থল থেকে তার শিল্পকর্ম গ্রহণ করতে হবে। অন্যথায় শিল্পকর্মের কোনো দায় কর্তৃপক্ষ গ্রহণ করবে না।

প্রয়োজনে তথ্যের জন্য : ০১৫৩৭-০০৪০১৬

**পুরস্কার:**

প্রতিযোগিতায় ০২(দুই) বিভাগে (০৩) তিন জন করে মোট ০৬(ছয়) জন বিজয়ীকে নিম্নোক্ত হারে নগদ অর্থ পুরস্কার হিসেবে প্রদান করা হবে:

০১- চ্যাম্পিয়ন পুরস্কার-৫০,০০০/- টাকা
০২- ১ম রানার আপ পুরস্কার-৩০,০০০/- টাকা
০৩- ২য় রানার আপ পরস্কার-২০,০০০/- টাকা।
পিপলস চয়েস এওয়ার্ড: ০২ (দুই) জন এর প্রত্যেকে ২০,০০০/-টাকা
বিশেষভাবে নির্বাচিত ২০ জন বিজয়ীদের প্রত্যেকে পাবে ১০,০০০/- টাকা
সাধারণভাবে নির্বাচিত ২০ জন বিজয়ীদের প্রত্যেকে পাবে ৫,০০০/- টাকা

**ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোনো নিয়ম পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।**

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মুহাম্মদ আবুল কালাম আজাদ)
প্রো-ভাইস চ্যান্সেলর
ও
আহ্বায়ক, ইসলামি ক্যালিগ্রাফি প্রতিযোগিতা কমিটি।